

১০ম এনটিআরসিএ পরীক্ষায় কারিগরির নতুন সিলেবাস

নিজস্ব বাতী পরিবেশক

বেসরকারি শিল্পক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর শিল্পক নিবন্ধন পরীক্ষায় কারিগরি শিক্ষার হালনাগাদকৃত ১৫টি বিষয়ের সিলেবাস এবং নতুন ৬টি বিষয়ের সিলেবাস অনুমোদন করা হয়েছে। আগামী মে মাসে অনুষ্ঠিত ১০ম এনটিআরসিএ পরীক্ষায় প্রথমবারের নতুন সিলেবাসে পরীক্ষা হবে।

শিক্ষাচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরীর সভাপতিত্বে গতকাল শিলা মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিবি) সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সভায় এনটিআরসিএর চেয়ারম্যান আশীষ কুমার সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা পাভুন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহজাহান মিয়া, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুল কাদের, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুতাল্ল্যাহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

হালনাগাদকৃত বিষয় ১৫টি হলো: (১) এমোবেসড ফুড, (২) জেনারেল ইলেকট্রনিক্স, (৩) অটোমোটিভ, (৪) বিডিং মেইনটেন্যান্স/নিউন রপট্রাকশন, (৫) কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি, (৬) ড্রেস মেকিং, (৭) ফার্ম মেশিনারি, (৮) ফিস কালচার অ্যান্ড ব্রিডিং/প্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং, (৯) ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন, (১০) জেনারেল মেকানিক্স, (১১) পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং, (১২) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস, (১৩) রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, (১৪) ফ্লাওয়ার, ফুট অ্যান্ড ভেজিটেবল কান্ট্রিভেশন, (১৫) এয়েসিং অ্যান্ড ফেক্ট্রেশন।

নতুন প্রণয়ন ৬টি বিষয় হলো: (১) বিভিন্ন ড্রাফটিং উইথ ক্যাড, (২) মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড, (৩) লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং, (৪) পেশেন্ট কেয়ার, (৫) প্রাথমিক অ্যান্ড পাইপ ফিটিং, (৬) আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড।